দৈনিক ইনকিলাব

০১ JUL 2007
তারিখ ........
পৃষ্ঠা ১২ কলাম ৫......

৪৩ ডিগ্রি

৩০% মহিলা শিক্ষক নিয়োগ নেতিবাচক

# মাদ্রাসা শিক্ষিতরা সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত নয়

—বেফাক মহাসচিব

শিবচর উপজেলা সংবাদদাতা

গতকাল ৩০ জুন বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ড)-এর উদ্যোগে শিবচরস্থ বেফাকভুক্ত সকল মাদরাসার দায়িত্বশীলদের নিয়ে দিনব্যাপী 'মাদরাসা শিক্ষার মান উন্নয়ন শীর্ষক' সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি ছিলেন কওমী মাদরাসা শিক্ষা বোর্ডের মহাসচিব মাওলানা আব্দুল জব্বার। কওমী মাদরাসা শিক্ষাবোর্ড পৃঃ ২১ কঃ ৫

খবর শেষ।

## মাদ্রাসা শিক্ষিতরা সন্ত্রাসী

১২-এর পৃষ্ঠার পর

কর্মসূচী বাস্তবায়ন কমিটি বাংলাদেশ-এর শিবচর উপজেলা কমিটির আহ্বায়ক, শিবচর জামি'আ মুহাম্মাদিয়া শামসুল উলুমের প্রিন্সিপ্যাল মাওলানা আকরাম হোসাইনের সভাপতিত্বে উক্ত সেমিনারে উপস্থিত থেকে অন্যান্যের মাঝে বক্তৃতা করেন জামিয়াতুস শায়খুল হাদীস মুফতী মোহাম্মদ আব্দুল্লাহ, রাজারচর আল জামিয়াতুল ইসলামিয়া মাদরাসার ভাইস প্রিন্সিপাল মাওলানা আহসানুল্লাহ, বাহাদুরপুর মাদানীয়া শরীয়াতীয়া মাদরাসার প্রিন্সিপালের প্রতিনিধি মুফতী হাবিবুর রহমান, কাঁঠালবাড়ি হক্কানীয়া মাদরাসার মুহতামিম মাওঃ মঈনুল করীম, শিবরায়েরকান্দি মাদরাসার মুহতামিম মাওলানা নাসিরউদ্দিন, ৮নং চর কওমী মাদরাসার শিক্ষা পরিচালক মাওঃ আলমগীর হোসাইন, শেখপুর মাদরাসার প্রতিনিধি মাওলানা মাজহারুল হক প্রমুখ।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বেফাকের মহাসচিব মাওলানা আঃ জব্বার বলেন, মাদরাসা শিক্ষিতরা কোন প্রকার বোমাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের সাথে জড়িত নয়। তারা কেবল নবীজী (সাঃ) কর্তৃক দ্বীন ইসলামের প্রচার ও প্রসারের মহান দায়িত্ব পালনে নিয়োজিত। তিনি আরো বলেন, কওমী মাদরাসার শিক্ষার মান উন্নয়নে আমরা সরকারী নিয়ন্ত্রণমুক্ত বর্তমান গঠিত বেফাকের মাধ্যমেই কওমী সনদের স্বীকৃতি চাই। সরকারী উদ্যোগে নতুন বোর্ডের মাধ্যমে কওমী সনদের স্বীকৃতির বিষয়টিকে তিনি ষড়যন্ত্র হিসেবে উল্লেখ করে বলেন, আমরা সরকারকে নতুন করে কোন বোর্ড গঠন করতে বলিনি। আমরা একটি শিক্ষা বোর্ডের স্বীকৃতি পাওয়ার জন্য যা কিছুর প্রয়োজন সবকিছুরই ব্যবস্থা করেছি। আমরা চেয়েছিলাম এ গঠিত বোর্ডটিকে সরকার পর্যবেক্ষণ করে গঠিত বোর্ডের মাধ্যমেই কওমী সনদের স্বীকৃতি দেয়া হোক। কিন্তু বিগত সরকার তা না করে দেশের কওমী মাদরাসাসমূহকে সরকারের নিয়ন্ত্রণে নিয়ে পরবর্তীতে এসব মাদরাসার ব্যাপারে যথেচ্ছ হস্তক্ষেপ করার জন্য তথাকথিত "কওমী মাদরাসা শিক্ষা বোর্ড বাংলাদেশ" নামে একটি বোর্ডের প্রস্তাব করেছে যা আমরা চাইনি। তিনি বলেন, দেশের কওমী মাদরাসার অভিভাবকগণ এই ষড়যন্ত্রের সিদ্ধান্তে পা দেবে না। মহাসচিব আলীয়া মাদরাসার ৩০% মহিলা শিক্ষক নিয়োগ প্রস্তাব বিষয়টিকে নেতিবাচক দিক হিসেবে উল্লেখ করে বলেন, "এটা মাদরাসা শিক্ষা ব্যবস্থাকে দুর্বল করার জন্য ইহুদী-খ্রিষ্টানদের দোসররা এ প্রস্তাব পেশ করেছে, যা যে কোনভাবেই প্রত্যাহার করাতে হবে।"